মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

বিষয়: অথরিটির ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে ২০১৮-১৯ অর্থবছরের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ সিরাজুল হক, পরিচালক ও ইনোভেশন অফিসার, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
সভার তারিখ : ৩১ শে ডিসেম্বর, ২০১৮ ইং
সভার স্থান : অথরিটির ইনোভেশন অফিসারের কক্ষ
সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- "ক"

সভার শুরুতে ইনোভেশন অফিসার উপস্থিত অথরিটির ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানান। সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি এবং নতুন ইনোভেশন প্রস্তাব বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ইনোভেশন টিমের মাসিক অগ্রগতি প্রতিবেদন	ইনোভেশন বিষয়ক কার্যাবলীর মাসিক অগ্রগতি প্রতিবেদন যথাযথভাবে প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয়।	নিয়মিতভাবে মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রতি সভায় আলোচনা করতে হবে এবং মন্ত্রণালয়ের যাচিত ছকে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম
২.	ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ মন্ত্রণালয়ে প্রেরণ ও বাস্তবায়ন	মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি'র ২০১৮-১৯ অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উপস্থাপিত বিষয়াদি বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকে অথরিটি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (পত্রের সূত্র নং- ৫৩.০৪.০০০০.০৭.০৫.০০১.১৮-২০৭৯; তারিখ-২৯/০৭/২০১৮ ইং)। উল্লিখিত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিষয়সমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	ইনোভেশন টিম
৩.	০২ দিনের কর্মসূচি আয়োজন	০২ দিনের কর্মসূচি আয়োজনের বিষয়ে অথরিটির সনদপ্রাপ্ত শীর্ষ ১৫টি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রতিনিধি নিয়ে আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	অথরিটির সনদপ্রাপ্ত শীর্ষ ১৫টি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান হতে ২ (দুই) জন করে প্রতিনিধি নিয়ে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক ০২ দিনের কর্মসূচি পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র-এর প্রশিক্ষণ ভবনে ১২-১৩ জানুয়ারি, ২০১৯ ইং তারিখে আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	ইনোভেশন টিম
৪.	২ দিনের প্রশিক্ষণের রিসোর্স পার্সন/ফ্যাসিলিটেটর নির্ধারণ	এ বিষয়ে সভা চলাকালীন সময়েই ২ দিনের প্রশিক্ষণ বিষয়ক এটুআই এর সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব মোঃ মাহবুবুর রহমান, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এক্সপার্ট এর সাথে ফোনালাপের মাধ্যমে জানা যায় যে, যেহেতু ২ দিনের প্রশিক্ষণটিতে হাতে-কলমে করার পাশাপাশি অংশগ্রহণকারীদের উদ্ভাবনী ধারণাসমূহ চূড়ান্ত রূপদানের বিষয় রয়েছে এবং অংশগ্রহণকারী ২০ জনের অধিক সেক্ষেত্রে এটুআই এর সিডিউল অনুযায়ী ২ জন রিসোর্স পার্সন/ফ্যাসিলিটেটর অংশগ্রহণকারীদের ২টি ভাগে ভাগ করে সার্বক্ষণিক থাকতে পারেন। এক্ষেত্রে, এটুআই তার রিসোর্স পুল হতে ২ জন রিসোর্স পার্সন দিয়ে সহযোগিতা করতে পারে।	প্রশিক্ষণটি সুন্দর ও সাফল্যমন্ডিত করার লক্ষ্যে ২ দিনব্যাপী প্রশিক্ষণের প্রতি দিনের জন্য ২ জন করে রিসোর্স পার্সনের মাধ্যমে প্রশিক্ষণ পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়।	ইনোভেশন টিম
৫.	কোর্স/প্রশিক্ষণ সমন্বয়কারী	"নাগরিক সেবায় উদ্ভাবন" বিষয়ক ২ দিনের প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ, এটুআই, মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয় সমন্বয়ের জন্য একজন প্রশিক্ষণ সমন্বয়কারীর বিষয়ে আলোচনা করা হয়।	এক্ষেত্রে, জনাব মোহাম্মদ আবদুল মান্নান, উপপরিচালককে প্রশিক্ষণ সমন্বয়কারীর দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।	ইনোভেশন টিম
৬.	২ দিনের প্রশিক্ষণের আইডিয়া উপস্থাপনকারী	এটুআই এর ডিজাইন অনুযায়ী উল্লিখিত প্রশিক্ষণে ইনোভেটিভ আইডিয়া উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয় যে, জনাব সৈয়দ আশিক ইমতিয়াজ, সহকারী পরিচালক ইনোভেটিভ আইডিয়া উপস্থাপন করতে পারেন।	ইনোভেশন টিম

৭.	প্রশিক্ষণ পরিচালনার জন্য কমিটি	উল্লিখিত প্রশিক্ষণটির কর্মসূচী নির্ধারণ , বাজেট তৈরী ইত্যাদি বিষয়সমূহ তদারকি করার জন্য কমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়।	এলক্ষ্যে, অথরিটির ফিন্যান্স এন্ড এ্যাকাউন্টস শাখার উপপরিচালকের নেতৃত্বে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়। কমিটি উল্লিখিত প্রশিক্ষণের কর্মসূচি নির্ধারণ, বাজেট তৈরি ও খরচ ইত্যাদি বিষয়ে তদারকি করবে।	

সভায় আলোচনার জন্য আর কিছু না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

০১/১২/১৮
(মোঃ সিরাজুল হক)
পরিচালক ও ইনোভেশন অফিসার
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদের তালিকা:

ক্র: নং	কর্মকর্তার নাম	পদনাম	কমিটি	স্বাক্ষর
১.	মোঃ সিরাজুল হক	পরিচালক ও ইনোভেশন অফিসার	ইনোভেশন অফিসার	
২.	সুতপা চৌধুরী	উপপরিচালক	সদস্য	
৩.	মুহাম্মদ শহিদুল ইসলাম	উপপরিচালক	সদস্য	
৪.	মোহাম্মদ আব্দুল মান্নান	উপপরিচালক	সদস্য	
৫.	জিনাত আমান বন্যা	সিনিয়র সহকারী পরিচালক	সদস্য সচিব	
৬.	সৈয়দ আশিক ইমতিয়াজ	সহকারী পরিচালক	সদস্য	